গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
প্রশিক্ষণ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০.৫৩ তারিখ: ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

বিষয়: **মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন সভার কার্যবিবরণী প্রেরণ সংক্রান্ত**

সভাপতি : জনাব আনিকা রাইসা চৌধুরী, উপপরিচালক (পরি. ও উন্ন.), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
তারিখ : ৩১/১২/২০২০ খ্রি.
সময় : সকাল: ১১.০০ ঘটিকা
সভার স্থান: পরিচালক (প্রশিক্ষণ) মহোদয়ের অফিস কক্ষ

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | |
|---|---|
| ১. | জনাব আনিকা রাইসা চৌধুরী, উপপরিচালক (পরি. ও উন্ন.) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ২. | জনাব মো: জহিরুল আলম, উপপরিচালক (প্রশিক্ষণ) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৩. | জনাব সেলিনা জামান, উপপরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৪. | জনাব মোহাম্মদ আনিছুর রহমান, উপপরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৫. | জনাব মহিউদ্দিন আহমদ, সহকারী পরিচালক (অর্থ ও ক্রয়-১) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৬. | জনাব রূপক রায়, সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৭. | জনাব মো. তানভীর হাসান , সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) ও সদস্য সচিব, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৮. | জনাব মোহাম্মদ আবুল হোসেন কায়েস, গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |
| ৯. | জনাব খন্দকার আজিজুর রহমান, সিনিয়র সিস্টেম এনালিস্ট (ইএমআইএস) ও সদস্য, ইনোভেশন কমিটি, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। |

১। সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি প্রথমেই মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে জানতে চাইলে ইনোভেশন কমিটির সদস্য সচিব জনাব মো: তানভীর হাসান, সহকারী পরিচালক (প্রশিক্ষণ-২) সভাপতি মহোদয়সহ উপস্থিত সবাইকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ইনোভেশন কার্যক্রমের অগ্রগতি সম্পর্কে অবহিত করেন। তিনি সভাকে জানান ২০২০-২০২১ অর্থ বছরে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের 'ইনোভেশন খাতে' ১,৮০,০০,০০০/- (এক কোটি চল্লিশ লক্ষ) টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে যেখানে ০১ দিনের ওরিয়েন্টেশন ওয়ার্কশপ; উদ্ভাবন সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের ইনোভেশন প্রশিক্ষণ; সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ০২ দিনের

ইনোভেশন প্রশিক্ষণ; ইনোভেশন আইডিয়া শোকেসিং; ইনোভেশন আইডিয়া ইমপ্লিমেন্টেশন; ডিজিটাল সেবা বাস্তবায়ন; স্টাডি ভিজিট (দেশ) ; স্টাডি ভিজিট (বিদেশ) এবং প্রকাশনার সুযোগ রয়েছে। তিনি আরও জানান ইনোভেশন কার্যক্রমের আওতায় বিভিন্ন কার্যক্রম শুরু করার জন্য ৮০,০০,০০০/- (টাকা আশি লক্ষ মাত্র) অগ্রিম উত্তোলনের অফিস আদেশ পাওয়া গেছে। ফলে দ্রুতই কার্যক্রম বাস্তবায়ন শুরু করা যাবে।

২। কমিটির সদস্য সচিব সভাকে আরো অবহিত করেন পূর্ববর্তি সভার সিদ্ধান্ত মোতাবেক দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইনোভেশন আইডিয়া চাওয়া হলে বিভিন্ন প্রতিষ্ঠান তাদের আইডিয়া প্রেরণ করেছে, সেখান থেকে প্রাথমিকভাবে ২৪ টি আইডিয়া বাছাই করা হয়েছে। বাছাইকৃত প্রতিষ্ঠানের কর্মকর্তাদের শীঘ্রই প্রশিক্ষণে আমন্ত্রণ জানানো হবে।

৩। সভার সদস্য জনাব সেলিনা জামান, উপপরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন) প্রস্তাব করেন একটি ওয়ার্কশপ আয়োজনের মাধ্যমে প্রাথমিকভাবে বাছাইকৃত আইডিয়া থেকে ইনোভেশন আইডিয়া/ডিজিটাল সেবা/সেবা সহজিকরণ আইডিয়া চূড়ান্তভাবে বাছাই করা যেতে পারে।

৪। ইনোভেশন কমিটির সদস্য ও উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মো: জহিরুল আলম ইনোভেশন সংক্রান্ত ক্রয় কার্যক্রমে পরামর্শ প্রদানের জন্য একটি কারিগরি কমিটি গঠনের প্রস্তাব করেন।

৫। সভার সভাপতি এবং ইনোভেশন কমিটির সদস্য জনাব আনিকা রাইসা চৌধুরী, উপপরিচালক (পরি. ও উন্ন.) বলেন, ইনোভেশন কার্যক্রমের বাজেটে প্রকাশনার জন্য বরাদ্দ রয়েছে। তিনি প্রকাশনা কার্যক্রমকে ত্বরান্বিত করার জন্য পরিচালক (কলেজ ও প্রশাসন) মহোদয়কে আহবায়ক করে একটি প্রকাশনা কমিটি গঠনের প্রস্তাব করেন।

৬। সভার সদস্য জনাব রুপক রায়, সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন) বলেন, যেহেতু জুনে অর্থ বছরের সমাপ্তি ঘটে, ফলে মে মাসের মধ্যে আমাদের সমস্ত কার্যক্রম সম্পন্ন করার একটি কর্ম পরিকল্পনা প্রস্তুত করতে হবে। তিনি আরো বলেন জানুয়ারির ৩১ তারিখের মধ্যে ইনোভেশনের প্রশিক্ষণ সমাপ্ত করতে হবে; ফেব্রুয়ারীর ১৫ তারিখের মধ্যে ইনোভেশন/সেবা সহজীকরণ সংক্রান্ত কর্মশালার আয়োজন করে আইডিয়া বাস্তবায়নের জন্য চূড়ান্ত করতে হবে; ফেব্রুয়ারীর ২৮ তারিখের মধ্যে চূড়ান্তকৃত আইডিয়া বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারী করা এবং অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এপ্রিল-মে মাসের মধ্যে আইডিয়া বাস্তবায়ন সম্পন্নের সময়সীমা নির্ধারন করে দিতে হবে।

৭। সভার সদস্য জনাব মোহাম্মদ আবুল হোসেন কায়েস, গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ) বলেন, ১৭ মার্চ যেহেতু আমাদের জীবনে একটি গুরুত্বপূর্ণ দিন, জাতীর পিতার জন্মদিন, এদিন ইনোভেশন সংক্রান্ত প্রকাশনার মোড়ক উম্মোচন করা যায় কিনা এবং তিনি প্রকাশনাটি জাতীর পিতার নামে উৎসর্গ করার প্রস্তাব রাখেন।

৮। সভার সদস্য জনাব মহিউদ্দিন আহমদ , সহকারী পরিচালক (অর্থ ও ক্রয়) বলেন, বাজেটে ইনোভেটরদের নিয়ে আভ্যন্তরীন ভিজিট এর ব্যবস্থা রয়েছে, ফলে মার্চ থেকে মে মাসের মধ্যে ভিজিটগুলো সমাপ্ত করার উদ্যোগ গ্রহণ করা প্রয়োজন। তিনি আরো বলেন আপাতত ইনোভেশন/সেবা সহজীকরণ/ডিজিটাল সেবা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ এবং রেপ্লিকেশনের জন্য বরাদ্দকৃত অর্থ বাদ দিয়ে অনুমোদিত বাজেটের অন্যান্য খাতের অর্থ হিসাবরক্ষণ অফিস থেকে উত্তোলন করা যায়, ইনোভেশন/সেবা সহজীকরণ/ডিজিটাল সেবা বাস্তবায়ন এবং রেপ্লিকেশনের অর্থ সরকারি চেকের মাধ্যমে বাস্তবায়নকারী সংস্থাকে প্রদান করা যায়।

সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাগণের মতামতের পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্তসমুহ গ্রহণের সুপারিশ করা হল:


| | |
|---|---|
| ১. | জানুয়ারির ৩১ তারিখের মধ্যে ইনোভেশনের প্রশিক্ষণ সমাপ্তের প্রয়োজনীয় বস্থা গ্রহণ করা হবে; |
| ২. | ফেব্রুয়ারীর ১৫ তারিখের মধ্যে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধি/সেবা সহজীকরণ সংক্রান্ত কর্মশালার আয়োজন করে আইডিয়া বাস্তবায়নের জন্য চূড়ান্ত করা হবে; |
| ৩. | ফেব্রুয়ারীর ২৮ তারিখের মধ্যে চূড়ান্তকৃত আইডিয়া বাস্তবায়নের জন্য অফিস আদেশ জারী করা এবং অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এপ্রিল-মে মাসের মধ্যে আইডিয়া বাস্তবায়ন সম্পন্নের সময়সীমা নির্ধারণ করে দেওয়া হবে; |
| ৪. | জাতীর পিতার জন্মদিনে (১৭ মার্চ) ইনোভেশন সংক্রান্ত প্রকাশনার মোড়ক উম্মোচনের ব্যবস্থা গ্রহণ এবং প্রকাশনাটি জাতীর পিতার নামে উৎসর্গ করা হবে; |

<table>
<tr><td>৫.</td><td>মার্চ থেকে মে মাসের মধ্যে ইনোভেশন ভিজিট সমাপ্ত করা হবে;</td></tr>
<tr><td>৬.</td><td>ইনোভেশন/সেবা সহজীকরণ/ডিজিটাল সেবা বাস্তবায়নের জন্য বরাদ্দকৃত অর্থ এবং রেপ্লিকেশনের জন্য বরাদ্দকৃত অর্থ বাদ দিয়ে অনুমোদিত বাজেটের অন্যান্য খাতের অর্থ হিসাবরক্ষণ অফিস থেকে উত্তোলন করা হবে এবং ইনোভেশন/সেবা সহজীকরণ/ডিজিটাল সেবা বাস্তবায়ন এবং রেপ্লিকেশনের অর্থ সরকারি চেকের মাধ্যমে বাস্তবয়নকারী সংস্থাকে প্রদান করা হবে;</td></tr>
<tr><td>৭.</td><td>ইনোভেশন সংক্রান্ত ক্রয় কার্যক্রমে পরামর্শ প্রদানের জন্য নিম্নোক্ত সদস্যদের নিয়ে ক্রয় সংক্রান্ত কারিগরি কমিটি গঠন করা হল:
<table>
<tr><th>ক্রমিক নং</th><th>নাম, পদবি ও কর্মস্থল</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১.</td><td>জনাব মোহাম্মদ আনিছুর রহমান<br>উপপরিচালক (অর্থ ও ক্রয়)<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর</td><td>আহবায়ক</td></tr>
<tr><td>২.</td><td>জনাব রূপক রায়<br>সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৩.</td><td>জনাব মহিউদ্দিন আহমদ<br>সহকারি পরিচালক (অর্থ ও ক্রয়)<br>মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৪.</td><td>জনাব মোহাম্মদ আবুল হোসেন কায়েস<br>গবেষণা কর্মকর্তা (প্রশিক্ষণ)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর</td><td>সদস্য</td></tr>
<tr><td>৫.</td><td>জনাব মো. তানভীর হাসান<br>সহকারী পরিচালক ((প্রশিক্ষণ)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর</td><td>সদস্য সচিব</td></tr>
</table>
</td></tr>
</table>

৮. নিম্নোক্ত সদস্যদের নিয়ে ইনোভেশন সংক্রান্ত প্রকাশনা কমিটি কমিটি গঠন করা হল:

| ক্রমিক নং | নাম, পদবি ও কর্মস্থল | মন্তব্য |
|---|---|---|
| ১. | প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী<br>পরিচালক (কলেজ ও প্রশাসন)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | জনাব আনিকা রাইসা চৌধুরী<br>উপপরিচালক (পরি. ও উন্ন.)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৩. | জনাব সেলিনা জামান<br>উপপরিচালক (মনিটরিং এন্ড ইভালুয়েশন)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | জনাব মো: জহিরুল আলম<br>উপপরিচালক (প্রশিক্ষণ)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | জনাব রূপক রায়<br>সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | জনাব তৃপ্তী সাহা<br>লাইব্রেরি উন্নয়ন কর্মকর্তা<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | জনাব মো. তানভীর হাসান<br>সহকারী পরিচালক ((প্রশিক্ষণ)<br>মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য সচিব |

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



১৩-১-২০২১
আনিকা রাইসা চৌধুরী
উপ-পরিচালক (পঃ ও উন্নঃ)

বিতরণ :

১) উপ-পরিচালক, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

২) উপপরিচালক-১, মনিটরিং অ্যান্ড ইভাল্যুয়েশন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৩) উপ-পরিচালক , ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৪) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৫) সহকারী পরিচালক-১, ফিন্যান্স এন্ড প্রকিউরমেন্ট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

৬) গবেষণা কর্মকর্তা-৩, প্রশিক্ষণ শাখা, মাধ্যমিক ও উচ্চ
শিক্ষা অধিদপ্তর
৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই. এম. আই. এস সেল ,
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১০.৭১.০০১.২০.৫৩/১(৭)

তারিখ: ২৯ পৌষ ১৪২৭
১৩ জানুয়ারি ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) পরিচালক, কলেজ ও প্রশাসন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
২) পরিচালক , মাধ্যমিক উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৩) পরিচালক , প্রশিক্ষণ উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৪) পরিচালক , পরিকল্পনা ও উন্নয়ন উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৫) পরিচালক , মনিটরিং এন্ড ইভাল্যুয়েশন উইং , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৬) পরিচালক , ফিন্যান্স এণ্ড প্রকিউরমেন্ট উইং, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
৭) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর



১৩-১-২০২১
মোঃ তানভীর হাসান
সহকারী পরিচালক-২